জাতি গঠনে ঐক্যবদ্ধভাবে কাজের আহ্বান প্রধান উপদেষ্টার

written by Chandradip News24 | October 27, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক :: জাতি গঠনের সুযোগ কাজে লাগাতে বিভেদ ভুলে একসঙ্গে কাজ করার আহ্বান জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তিনি বলেন, “এই সুযোগ নষ্ট হলে দেশ অনেক পিছিয়ে যাবে।”

রোববার (২৭ অক্টোবর) ঢাকা সেনানিবাসে নৌ ও বিমান বাহিনীর নির্বাচনী পর্ষদ গঠন অনুষ্ঠানে ড. মুহাম্মদ ইউনূস সশস্ত্র বাহিনীর ভূমিকা ও পেশাদারিত্বের প্রশংসা করেন। তিনি আশা প্রকাশ করেন যে, ভবিষ্যতেও নৌ ও বিমান বাহিনী জনগণের পাশে থাকবে এবং দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করবে।

সশস্ত্র বাহিনীকে উদ্দেশ্য করে ড. ইউনূস বলেন, “নানা প্রতিকূলতার মধ্যেও যেভাবে আপনারা অগ্রযাত্রা অব্যাহত রেখেছেন, তা পেশাদারিত্বের নিদর্শন।” তিনি আগামী দিনেও এই ধারা বজায় রাখার আহ্বান জানান।

দেশের স্বার্থে সকলের একত্রে কাজ করার প্রয়োজনীয়তা উল্লেখ করে প্রধান উপদেষ্টা বলেন, অতীতের মতোই ভবিষ্যতেও জনগণ যেন সঠিক

সেবা পায়। এজন্য বর্তমান পরিচালনা পর্ষদকে দায়িত্বশীলতার সঙ্গে কাজ করতে হবে।